কোনটি একটি "ঘটনা" এবং কোনটি একটি "জানাবার মতো ঘটনা"?

- একটি "ঘটনা" হলো দুর্ঘটনা বা আঘাত যা পরিষেবা প্রাপ্ত ব্যক্তির স্বাস্থ্য বা সুরক্ষাকে প্রভাবিত করে।
- একটি "গুরুত্বপূর্ণ ঘটনা" হলো এমন একটি ঘটনা যার পরিষেবা প্রাপ্ত ব্যক্তির স্বাস্থ্য, সুরক্ষা বা কল্যাণের ক্ষতি করার ক্ষমতা আছে।
- একটি "জানাবার মতো ঘটনা" হলো এমন একটি ঘটনা বাধ্যতামূলক প্রতিবেদক এনওয়াইএস জাস্টিস সেন্টার ফর দি প্রটেকশন অফ পিপল উইথ স্পেশাল নীডস জানাতে বাধ্য।

  এই ধরণের ঘটনা হলো অপব্যবহার, অবহেলা এবং গুরুত্বপূর্ণ ঘটনা।

কাকে জানাতে হবে যদি একটি ঘটনা ঘটে?

- একটি কেন্দ্র কোয়ালিফায়েড ব্যক্তিকে দুর্ঘটনা বা আঘাত যা পরিষেবা নেওয়া ব্যক্তির স্বাস্থ্য বা সুরক্ষাকে প্রভাবিত করে তার প্রাথমিক বিজ্ঞপ্তির 24 ঘন্টার মধ্যে টেলিফোনে জানাবে।
- যদি কোয়ালিফায়েড ব্যক্তির দ্বারা অনুরোধ করা হয়, কেন্দ্র তাড়াতাড়ি লিখিত ইনসিডেন্ট রিপোর্টের একটি কপি দেবে।
- এছাড়াও কেন্দ্র কোয়ালিফায়েড ব্যক্তিকে ঘটনাটি আরো আলোচনা করবার জন্য দেখা করার অফার দেবে।

একটি ঘটনার জন্য কি করা হয়েছে তা কাকে জানাতে হবে?

সংস্থার ডিরেক্টরকে দুর্ঘটনার প্রাথমিক রিপোর্ট জমা দেওয়ার 10 দিনের মধ্যে দুর্ঘটনার তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহনের সম্পর্কে একটি লিখিত প্রতিবেদন (উদাঃ, দুর্ঘটনাগ্রস্থ ব্যক্তিকে সুরক্ষিত করার ব্যবস্থাসমূহ) একজন যোগ্য ব্যক্তিকে অবশ্যই সরবরাহ করতে হবে।

ঘটনার আর কোনো তথ্য বা নথি কি আছে?

জোনাথনের আইন কেন্দ্রগুলিকে নির্দেশ দেয় লিখিত অনুরোধ দেবার পরে কোয়ালিফায়েড ব্যক্তিদের অপব্যবহার, অবহেলা এবং গুরুত্বপূর্ণ ঘটনার (জানাবার মতো ঘটনার) অভিযোগ এবং তদন্তের সাথে জড়িত তথ্য ও নথি দেবার জন্য।

জাস্টিস সেন্টারে জানানো একটি অপব্যবহার বা অবহেলার ঘটনার তদন্তের সমাপ্তির পরে, জাস্টিস সেন্টার পরিষেবা প্রাপক বা তাদের ব্যক্তিগত প্রতিনিধিকে তদন্তের ফলাফল জানাবে।

অপব্যবহার এবং অবহেলার খবরহয় প্রতিপন্ন হবে নতুবা অপ্রতিপন্ন হবে।

প্রদানকারীকে লিখিত অনুরোধের দেবার পর কোয়ালিফায়েড ব্যক্তিরা জাস্টিস সেন্টারে জানানো অপব্যবহার বা অবহেলার ঘটনা সংক্রান্ত তথ্য ও নথি তদন্ত শেষ হবার **21** দিনের মধ্যে নেবে।

কোনো তথ্য কি গোপন রাখা যায়?

হ্যাঁ। নাম বা তথ্য যা অন্য পরিষেবা প্রাপ্ত ব্যক্তি বা কর্মীকে চিহ্নিত করে তা সম্পাদিত হবে যদি না তারা প্রকাশ করাকে অনুমোদন করেন।

ফেডারাল আইন বা রেগুলেশন এই রেকর্ড সম্পর্কিত রেকর্ড বা তথ্য প্রকাশের ওপর অতিরিক্ত বিধিনিষেধ আরোপ করতে পারে। যেমন ফেডারাল আইন ওএএসএএস প্রদানকারীদের নিষেধ করে পরিষেবা প্রাপকের নির্দিষ্ট সম্মতি ছাড়া (প্রাপ্তবয়স্ক বা অপ্রাপ্তবয়স্ক) বা ফেডারেল আইনানুগ আদালতের নির্দেশ ছাড়া এমন কোনো রেকর্ড বা তথ্য প্রকাশ করতে যা একটি মানুষকে পরিষেবা প্রাপক হিসাবে চিহ্নিত করে

যদি কোনো রোগী অপ্রাপ্তবয়স্ক হয় এবং পরিষেবা প্রাপক হয় যাতে বাবা মা বা অভিভাবক সম্মতি দিয়েছে, তাহলে রোগী ও বাবা মা বা অভিভাবক **উভয়কেই** তথ্যপ্রকাশে সম্মতি দিতে হবে।

কিভাবে তথ্য ও নথির জন্য অনুরোধ করতে হবে?

ঘটনা এবং তদন্তের রেকর্ডের জন্য **অনুরোধ প্রদানকারীর কাছে করতে হবে** যারা ঘটনার সময়ব্যক্তিকে পরিষেবা দিয়ে থাকে।

যখনজাস্টিস সেন্টার দ্বারা অপব্যবহার বা অবহেলার অভিযোগ তদন্ত করা হবে, জাস্টিস সেন্টার প্রদানকারীর সাথে যোগাযোগ করবে যাতে তথ্য ও নথির প্রকাশ জোনাথনের আইন এবং প্রটেকশন অফ্‌পিপল উইথস্পেশাল নিড একটঅনুসারে হয়।

কখনরেকর্ড প্রকাশ করা হবে?

যখন কোয়ালিফায়েড ব্যক্তিরা জানবার মতো ঘটনার সংশ্লিষ্ট রেকর্ড বা নথির জন্য লিখিত অনুরোধ করবেন, কেন্দ্র সেই অনুরোধের সাপেক্ষে তদন্ত শেষ হবার 21 দিনের মধ্যে উত্তর দেবে।

কোয়ালিফায়েড ব্যক্তির দ্বারা প্রাপ্ত রেকর্ড বা নথি কি শেয়ার করা যাবে?

হ্যাঁ। জোনাথনের আইনের সংশোধন, যা 2013 থেকে কার্যকরী হয়েছে, কোয়ালিফায়েড ব্যক্তিদের, যারা জানবার মতো ঘটনার সংশ্লিষ্ট তথ্য বা নথি পেয়েছে, সেই তথ্য বা নথি নিম্নলিখিতদের সাথে শেয়ার করতে অনুমতি দেয়:

- স্বাস্থ্য পরিষেবা প্রদানকারী
- ব্যবহারিক স্বাস্থ্য পরিষেবা প্রদানকারী
- আইন প্রয়োগকারী সংস্থা (যদি কোয়ালিফায়েড ব্যক্তি বিশ্বাস করেন কোনো অপরাধ ঘটেছে) ও/বা
- কোয়ালিফায়েড ব্যক্তির উকিল

এই প্রচারপত্র আপনাকে সেই পদ্ধতি বুঝতে সাহায্য করবে যা এই পরিষেবা নেওয়া ব্যাক্তিদের সাথে হওয়া ঘটনা সম্পর্কে তথ্য জোগাড় করে। এটি একটি নির্দেশিকা কোনো আইনি দস্তাবেজ নয়। জোনাথনের আইন সম্পর্কে আরো জানতে এই প্রচারপত্রের শেষে দেওয়া তথ্য দেখুন।

জোনাথনের আইন কি?

জোনাথনের আইন এমন একটি পদ্ধতি স্থাপন করে যা কেন্দ্রগুলিকে মেনে চলতে হবে সেখানে যে শিশু ও প্রাপ্ত বয়স্করা পরিষেবা নিচ্ছে তাদের বাবা মা বা আইনি অভিভাবকদেরকে তাদের প্রিয়জন সম্পর্কিত কোনো ঘটনা জানাবার জন্য। এছাড়াও এটি কোয়ালিফায়েড ব্যাক্তিদের অনুমতি দেয় সেইরকম ঘটনার সাথে যুক্ত কিছু নথি পেতে।

একজন কোয়ালিফায়েড ব্যক্তি কে?

এই আইন অনুযায়ী, কোয়ালিফায়েড ব্যাক্তি হলো:

- অপ্রাপ্তবয়স্ক রোগীদের ক্ষেত্রে বাবা মা বা অন্যান্য আইনি অভিভাবক
- প্রাপ্তবয়স্ক রোগীদের বাবা মা, আইনি অভিভাবক, স্বামী/স্ত্রী বা প্রাপ্তবয়স্ক সন্তান যারা প্রাপ্তবয়স্ক রোগীর হয়ে চিকিৎসা জনিত সিদ্ধান্ত নিতে আইনত অনুমোদিত।
- প্রাপ্তবয়স্ক রোগী যারা আদালতের দ্বারা আইনত অক্ষম ঘোষিত হয় নি।

এই আইন কি কি সুবিধা কভার করে?

যে সকল কেন্দ্র নিম্নলিখিত স্টেট এজেন্সির দ্বারা পরিচালিত, লাইসেন্স প্রাপ্ত বা প্রত্যয়িত বাধ্যতামূলক ভাবে জোনাথনের আইনের প্রয়োজনীয়তা মেনে চলতে হবে

- অফিস ফর পিপল উইথ ডেভেলপমেন্টাল ডিসাবিলিটিজ (OPWDD)
- অফিস অফ মেন্টাল হেলথ (OMH)
- অফিস অফ আলকোহলিজম এন্ড সাবস্টেন্স এবিউজ সার্ভিসেস (OASAS)

আমি কোথায় আরো তথ্য বা সহায়তা পাবো?

- জোনাথনের আইন সম্পর্কে এনওয়াই মানসিক স্বাস্থবিধি আইনের 33.23 এবং 33.25 তথ্য পাওয়া যেতে পেরে।
- বিশেষ চাহিদা সম্পন্ন ব্যাক্তিদের সুরক্ষা আইন (আইনের 501 অধ্যায় 2012)
- OPWDD পদ্ধতির অধীনে তথ্য ও নথি পাবার জন্য অতিরিক্ত প্রয়োজনীয়তা পাওয়া যেতে পারে 14এনওয়াই কোড, রুল এবং রেগুলেশন সেকশন 624.6 এবং 624.8 এ।
- রোগীর তথ্য পাবার জন্য এবং সেই তথ্যের পুনঃপ্রকাশের জন্য অতিরিক্ত প্রয়োজনীয়তা ওএএসএএস সিস্টেমের অধীনে পাওয়া যেতে পারে 42 ফেডারেল রেগুলেশন কোডের পার্ট 2 তে।
- OPWDD এর "ঘটনা সম্পর্কে জানুন" প্রচারপত্র এক্সেস সম্পর্কে তথ্য রাখে তথ্যের এটি OPWDD'এর ওয়েবসাইট www.opwdd.ny.gov/node/395. তে উপলব্ধ
- OPWDD এর তথ্যের লাইন হলো 1-866-946-9733/TTY: 1-866-933-4889 এবং ওয়েবসাইটটি হ'ল www.opwdd.ny.gov.
- জাস্টিস সেন্টারের তথ্য এবং রেফারাল ইউনিটে'র টোল-ফ্রি নম্বরটি হ'ল 1-800-624-4143 (ভয়েস/স্প্যানিশ/টিটিওয়াই) এবং ইমেল অ্যাড্রেসটি হ'ল infoassistance@justicecenter.ny.gov.

200-এর বেশি ভাষায় বিনামূল্যে অনুবাদ এবং ভাষা সহায়তা পরিষেবা উপলব্ধ।

মুক ও বধির ব্যক্তিরা অনুগ্রহ করে 1-855-373-2122 (TTY) নম্বরে ফোন

জাস্টিস সেন্টার ফর দি প্রটেকশন অফ পিপল উইথ স্পেশাল নীডস

অফিস ফর পিপল উইথ ডেভেলপমেন্টাল ডিসাবিলিটিজ

অফিস অফ মেন্টাল হেলথ

অফিস অফ আলকোহলিজম এন্ড সাবস্টেন্স এবিউজ সার্ভিসেস



জনাথন'স ল ইনসিডেন্ট নোটিফিকেশন এন্ড রেকর্ডস এক্সেস:

স্বতন্ত্র ব্যাক্তি, বাবা মা এবং আইনি অভিভাবকদের জন্য একটি নির্দেশিকা

NEW YORK STATE OF OPPORTUNITY